

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৭৩

জিরানীয়া, ১১ এপ্রিল, ২০২৫

ভোটারদের আরও সচেতন করতে জিরানীয়ায় বাইসাইকেল র্যালি

‘সিস্টেমটিক ভোটারস এডুকেশন অ্যান্ড ইলেক্টোরাল পার্টিসিপেশন’ প্রোগ্রামের অংশ হিসাবে আজ সকালে জিরানীয়া মহকুমায় এক বাইসাইকেল র্যালি অনুষ্ঠিত হয়। ভোটার সচেতনতামূলক এই কর্মসূচির অঙ্গ হিসেবে এই অনুষ্ঠানটি আয়োজন করা হয়। সকালে এই বাইসাইকেল র্যালিটি জিরানীয়া মহকুমা প্রশাসনের অফিস প্রাঙ্গণ থেকে শুরু হয়ে মহকুমার বিভিন্ন পথ পরিক্রমা করে পুনরায় মহকুমা শাসকের অফিসে এসে সমাপ্ত হয়। প্রায় ৭০ জন বাইসাইকেল আরোহী এতে অংশগ্রহণ করেন। জিরানীয়া মহকুমা প্রশাসনের নির্বাচন বিভাগের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মহকুমার অতিরিক্ত মহকুমা শাসক অনিমেষ ধর, ডিসি জন্মজয় চাকমা, মহকুমার বিশিষ্ট মহিলা ক্রীড়াবিদ মিতালী দেবনাথ সহ মহকুমা শাসক অফিসের বিভিন্ন আধিকারিক ও কর্মচারিগণ।
